# দৈনিক ইনকিলাব

১৩।৬।২০০৩
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ......



*ইনকিলাব ঃ বাংলাদেশ প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতি গতকাল মিরপুর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে অবস্থান ও বিক্ষোভ সমাবেশ করে*

## শিক্ষক-কর্মচারীদের দাবী আদায়ের লক্ষ্যে বিক্ষোভ কর্মসূচী অব্যাহত

**ইনকিলাব রিপোর্ট ঃ** রাজধানীসহ সারাদেশের সরকারী দপ্তরের কর্মচারী ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ২৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে বিক্ষোভ কর্মসূচী অব্যাহত রেখেছেন। গতকাল মঙ্গলবার দেশব্যাপী ৩ ঘন্টা বিক্ষোভ কর্মসূচীর ২য় দিন পালিত হয়। আজ বুধবার একই কর্মসূচী পালন করা হবে বলে সংশ্লিষ্ট নেতৃবৃন্দ দৃঢ়মত ব্যক্ত করেন।

এদিকে বাংলাদেশ গণকর্মচারী সংযুক্ত পরিষদ গতকাল বিকেলে মুক্তাঙ্গনে সুলতান আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সমাবেশে অফিস সময় পরিবর্তন, ৩০ ভাগ মহার্ঘ্যভাতাসহ ১৬ দফার দাবী মেনে নেয়ার জন্য সরকারকে ১৮ জুন সময় নির্ধারণ করে দিয়েছে। এই সময়ের মধ্যে দাবী পূরণ না হলে পরিষদ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহীসহ দেশব্যাপী আগামী ১৯. ২০ ও ২১ জুন প্রতিদিন ২টা থেকে ৫টা পর্যন্ত কর্মবিরতি এবং ২৬, ২৭ ও ২৮ জুন প্রতিদিন ৯টা থেকে ১টা পর্যন্ত কর্মবিরতি পালন করবে। এর পরও দাবী আদায় না হলে ১ জুলাই গণকর্মচারী সমাবেশে পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে।

সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ ও প্রাথমিক শিক্ষক সমিতি লিয়াজোঁ কমিটিও আন্দোলনের কঠোর কর্মসূচী ঘোষণা করবে বলে দৃঢ়মত ব্যক্ত করেছে। আগামী ১৮ জুন সংসদে স্মারকলিপি পেস ও সংসদের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচীর পূর্বে এই বিক্ষোভ কর্মসূচীতে দেশব্যাপী সরকারী ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা এবং প্রাথমিক শিক্ষকগণ অংশ নিচ্ছেন।

গত ২ দিনেই ৩ ঘন্টা করে বিক্ষোভ কর্মসূচী পালনের ফলে সরকারী দপ্তরসমূহ এবং প্রাথমিক বিদ্যালয়গুলোতে মারাত্মক সমস্যার সৃষ্টি হয়েছে। দাবী আদায় না হলে আগামী দিনে কঠোর কর্মসূচী হাতে নেয়ার সিদ্ধান্ত জানিয়েছে লিয়াজোঁ কমিটি।

গতকাল ঢাকায় পিজি (বিএসএমএমইউ)-এর চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি মোঃ আবুল কাশেমের নেতৃত্বে ভিসি প্রফেসর মাহমুদ হাসানের কাছে বিভিন্ন দাবী মেনে নেয়ার জন্য স্মারকলিপি প্রদান করা হয়েছে।

ঢাকায় অনুষ্ঠিত সমাবেশগুলোতে প্রধান বক্তাদের মধ্যে ছিলেন– লিয়াজোঁ কমিটির আহবায়ক অধ্যাপক আবুল কালাম আজাদ, এম এ হান্নান, মোঃ আবুল কাশেম, মোঃ আবদুল মান্নান, মোঃ আবদুল কাদের, কাজী আ কা ফজলুল হক, মোঃ এমদাদ হোসেন তালুকদার, এস এম আলতাফ হোসেন, এম এ আউয়াল, হারুন-অর-রশিদ, এম এ রাজ্জাক, এম এ কাইয়ুম, মজিবুল হক ভুইয়া, বাসেদ মিয়া, এস এম হাসান, মমিন শেখ, এম এ হাসেম প্রমুখ।